যুগান্তর

তারিখ ... 3 JAN 2017
পৃষ্ঠা ২৬ কলাম ৭

# প্রাইভেটের আড়ালে সার্টিফিকেট বাণিজ্য

রাজধানীতে প্রাইভেট পরীক্ষার আড়ালে দীর্ঘদিন ধরে চলছে রমরমা সার্টিফিকেট বাণিজ্য। হাত বাড়ালেই পাওয়া যাচ্ছে যেকোন পরীক্ষার সার্টিফিকেট। দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রতিনিয়ত রাজধানীতে সার্টিফিকেট বাণিজ্য চলতে থাকলেও এগুলো বন্ধ করতে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর নেই কোনো কঠোর তৎপরতা। এমন অবস্থায় প্রতিমঞ্চ টিম ছদ্মবেশে রাজধানীর বেশ কিছু এলাকায় অনুসন্ধানে নামে। প্রায় ১৫ দিনের অনুসন্ধান শেষে ফার্মগেটের সাকসেস কোচিং সেন্টার, মালিবাগের বেসিক টিউটোরিয়াল, বনানীর গ্লোবাল এক্সপ্রেস ও বাড্ডা লিংক রোডের সাউদার্ন বিশ্ববিদ্যালয়ের নাম প্রকাশ করে ২৫ অক্টোবর 'প্রাইভেট পরীক্ষার আড়ালে সার্টিফিকেট বাণিজ্য' শিরোনামে প্রতিমঞ্চ পাতায় একটি সংবাদ প্রকাশিত হয়।

জাল সার্টিফিকেট চক্রের উপস্থিতি নতুন কোনো খবর নয়। রাজধানীর নীলক্ষেতসহ বিভিন্ন কম্পিউটার-ফটোকপির দোকানে সামান্য টাকার বিনিময়ে যেকোনো ধরনের সনদ পাওয়া যায় এমন ভাসাভাসা খবর অনেকেরই জানা। ইদানীং নতুন কায়দায় রাজধানীর বিভিন্ন পয়েন্টে কোচিং সেন্টার বা প্রাইভেট পরীক্ষার নাম করে তারা আবার আগের মতোই সার্টিফিকেট ব্যবসা চালিয়ে যাচ্ছে।